# U.G. 6th Semester Examination - 2022

## BENGALI

## [PROGRAM]

**Course Code: BBNGDSRT-3 & 4 (DSE 3 & 4)**

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

এই প্রশ্নপত্রটিতে ২টি (DSE) প্রশ্নপত্র রয়েছে (DSE 3 এবং DSE 4)। ছাত্র/ছাত্রীদের নির্দেশ দেওয়া হচ্ছে তারা যেন এই দুটির মধ্যে তাদের নির্বাচিত প্রশ্নপত্রটির উত্তর করে।

**Title: বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক ও বিশ শতকের প্রথমার্ধ)**

**Code: BBNGDSRT3 (DSE 3)**

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) শ্রীরামপুর মিশন থেকে মুদ্রিত প্রথম গ্রন্থ কোন্‌টি?

খ) রামমোহন রায়ের লেখা একটি মৌলিক গ্রন্থের নাম লেখো।

গ) 'সংবাদ প্রভাকর' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

ঘ) 'বিদ্যাসাগর চরিত' গ্রন্থটি কার লেখা?

ঙ) মাইকেল মধুসূদন দত্তের লেখা পত্রকাব্যটির নাম লেখো।

চ) 'স্বপ্ন প্রয়াণ' এর রচয়িতা কে?

ছ) 'বঙ্গদর্শন' পত্রিকায় প্রকাশিত বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম উপন্যাস কোন্‌টি?

[পরের পাতায়]

জ) 'মহারাষ্ট্র জীবন প্রভাত' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

ঝ) কবি যতীন্দ্রমোহন বাগচী রচিত একটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।

ঞ) বাংলা সাহিত্যে 'ভোরের পাখি' নামে কে পরিচিত?

ট) 'অচলায়তন' নাটকের অপর একটি সংস্করণের নাম লেখো।

ঠ) কবি সত্যেন্দ্রনাথ দত্ত কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেছিলেন?

ড) 'বন্দীর বন্দনা' কাব্যগ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো।

ঢ) 'সবুজের অভিযান' কবিতাটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

ণ) 'আলিবাবা' নাটকের স্রষ্টা কে?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) উইলিয়াম কেরি রচিত দুটি গ্রন্থের নাম লেখো।

খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'বাঙ্গালার ইতিহাস' গ্রন্থটি কোন্ গ্রন্থের অনুবাদ? মূল গ্রন্থটির লেখক কে?

গ) উনিশ শতকের দুজন মহিলা গীতিকবির নাম লেখো।

ঘ) গিরিশচন্দ্র ঘোষের লেখা দুটি পৌরাণিক নাটকের নাম উল্লেখ করো।

ঙ) টেকচাঁদ ঠাকুর কার ছদ্মনাম? তাঁর লেখা যে কোনো একটি গ্রন্থের নাম লেখো।

চ) রবীন্দ্রনাথ ঠাকুরের সমসাময়িক বাংলা সাহিত্যের দু'জন খ্যাতিমান কবির নাম করো।

ছ) ‘রক্তকরবী’ নাটকের প্রথম গানের প্রথম চরণ লেখো।

জ) ‘পদ্মানদীর মাঝি’ ও ‘ইছামতী’ উপন্যাস দুটি কে কে লিখেছেন?

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান সম্পর্কে আলোচনা করো।

খ) বাংলা গীতিকবিতার ধারায় বিহারীলাল চক্রবর্তীর কৃতিত্ব নিরূপণ করো।

গ) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্ব নিয়ে আলোচনা করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) বাংলা নাটকের ইতিহাসে মাইকেল মধুসূদন দত্তের অবদান সম্পর্কে অলোচনা করো।

খ) জীবনানন্দ দাশের কাব্যপ্রতিভা সম্পর্কে আলোচনা করো।

গ) বাংলা উপন্যাসের ধারায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব নিরূপণ করো।



## Title: ব্যবহারিক বাংলা ব্যাকরণ

## Code: BBNGDSRT4 (DSE 4)

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) নামপদ কাকে বলে?

খ) শব্দ ও পদের একটি পার্থক্য লেখো।

গ) একটি ব্যক্তিবাচক সর্বনামের উদাহরণ দাও।

ঘ) নিমিত্ত কারক কাকে বলে?

ঙ) স্বার্থিক প্রত্যয় কাকে বলে?

চ) বিভক্তি কাকে বলে?

ছ) শব্দের লক্ষ্ণাশক্তি কাকে বলে?

জ) একটি বাংলা উপসর্গ দিয়ে শব্দ গঠন করো।

ঝ) গঠন অনুযায়ী বাক্যকে কয় ভাগে ভাগ করা যায় ও কী কী?

ঞ) বাচ্য-পরিবর্তন কাকে বলে?

ট) প্রমাণ /প্রমান— কোন্ বানানটি শুদ্ধ?

ঠ) শূন্যস্থান পূরণ করো :

সংস্কৃতি ....................... মানুষ সকলেরই শ্রদ্ধাস্পদ। (মান্/বান্)

ড) শুদ্ধ করে লেখো :

জ্যোতীন্দ্র মনোকষ্টে সন্যাসী হইয়াছে।

ঢ) ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো : পঞ্চপ্রদীপ, বীণাপাণি।

ণ) একটি যৌগিক বাক্যের উদাহরণ দাও।

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) উপসর্গ ও অনুসর্গের দুটি পার্থক্য লেখো।

খ) ব্যাসবাক্য কাকে বলে? উদাহরণ দাও।

গ) কারক নির্ণয় করো :

(i) আমি তোমার জীবন দান করিলাম।

(ii) মরা লোকে তো আর কথা কয় না।

ঘ) কারণ দেখিয়ে শুদ্ধ করো :

জাত্যাভিমান, দুরাবস্থা।

ঙ) বাচ্যের উল্লেখসহ বাচ্য পরিবর্তন করো :

(i) চোরটা পুলিশের হাতে ধরা পড়েছে।

(ii) আমার বাড়ি যাওয়া সম্ভব হবে না।

চ) যৌগিক শব্দ কাকে বলে? উদাহরণ দাও।

ছ) ‘পঙ্কজ’ শব্দটিকে যোগরূঢ় শব্দ বলা হয় কেন?

জ) গুণবাচক বিশেষণ কাকে বলে? উদাহরণ দাও।

৩। যে-কোনো **দু’টি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) অব্যয় পদ কাকে বলে? অব্যয় পদকে প্রধানত ক’টি ভাগে ভাগ করা যায়? প্রত্যেকের নাম উল্লেখ করে একটি করে উদাহরণ দাও। ১+১+৩=৫

খ) প্রত্যয় নিষ্পন্ন করো : ১×৫=৫

জগৎ, জিজ্ঞাসা, ভাড়াটিয়া, দ্রষ্টব্য, সহিষ্ণু

গ) নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো : ১×৫=৫

(i) ‘ছেলেরা চুপচাপ আছে’। (নঞর্থক বাক্যে)



(ii) পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের নাম সকলেই শুনেছে। (প্রশ্নাত্মক বাক্যে)

(iii) বাপেও কাঁদে মেয়েও কাঁদে। (সরল বাক্যে)

(iv) সাবধানে না চললে এই অবস্থা তোমারও হতে পারে। (যৌগিক বাক্যে)

(v) আমি মরিলে সে মরিবে। (জটিল বাক্যে)

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) বিশেষ্য পদ কাকে বলে? সংজ্ঞা ও উদাহরণ সহযোগে বিশেষ্য পদের শ্রেণিবিভাগ আলোচনা করো। ২+৮=১০

খ) অর্থগত দিক দিয়ে বাক্যকে কয়ভাগে ভাগ করা যায়? প্রত্যেক ভাগের উদাহরণ দিয়ে আলোচনা করো। ২+৮=১০

গ) বাচ্য কাকে বলে? উদাহরণ সহযোগে বাচ্যের প্রকারভেদগুলি বুঝিয়ে দাও। ২+৮=১০

---